পশ্চিমবঙ্গের পেট্রাপোল সীমান্তে আওয়ামী লীগের চার শীর্ষ নেতা



ছবি: সংগৃহীত

ভারতের পশ্চিমবঙ্গের পেট্রাপোল সীমান্ত এলাকা পরিদর্শন করেছেন ভারতে অবস্থানরত আওয়ামী লীগের চার জ্যেষ্ঠ নেতা। রোববার (২২ নভেম্বর) একটি সাদা গাড়িতে সেখানে পৌঁছে প্রায় দুই ঘণ্টা অবস্থান করেন তাঁরা।

ভারতীয় সংবাদমাধ্যমগুলোর প্রতিবেদনে বলা হয়েছে, এ সময় দেশটির অভিবাসন কর্মকর্তাদের সঙ্গে আওয়ামী লীগ নেতাদের রুদ্ধদ্বার বৈঠক হয়েছে। তবে বৈঠকের বিষয়টি সংশ্লিষ্ট কোনো কর্তৃপক্ষ আনুষ্ঠানিকভাবে নিশ্চিত করেনি।

হিন্দুস্তান টাইমসের প্রতিবেদনে বলা হয়, রোববার দুপুরে পেট্রাপোল ইমিগ্রেশন সেন্টারে যান আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য জাহাঙ্গীর কবির নানক ও মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, যুগ্ম সাধারণ সম্পাদক এ এফ এম বাহাউদ্দিন নাছিম এবং সাবেক সংসদ সদস্য আলাউদ্দিন আহমেদ চৌধুরী নাসিম। সেখানে প্রায় দুই ঘণ্টা কাটিয়ে তাঁরা কলকাতার উদ্দেশে রওনা হন।

ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার সম্ভাব্য দেশে ফেরা নিয়ে আলোচনার মধ্যে নেতাদের এই সীমান্ত সফর সামনে এল। ভারতীয় সংবাদমাধ্যম টিভি নাইন বাংলার প্রতিবেদনে বলা হয়েছে, শেখ হাসিনার দেশে ফেরার জন্য শুধু একটি সীমান্তপথের ওপর নির্ভর করতে চান না আওয়ামী লীগের নেতারা। বিকল্প পথের সম্ভাবনাও তাঁরা খতিয়ে দেখছেন। এ কারণে পশ্চিমবঙ্গের পেট্রাপোলের পাশাপাশি ত্রিপুরার আগরতলা সীমান্তও পরিদর্শনের পরিকল্পনা রয়েছে তাঁদের।

প্রতিবেদন অনুযায়ী, আগামী মঙ্গলবার তাঁদের ত্রিপুরা সীমান্তে যাওয়ার কথা রয়েছে। পরদিন আগরতলার মহারাজা বীর বিক্রম বিমানবন্দর থেকে আখাউড়া সীমান্ত পর্যন্ত যাতায়াতের পথ ও সীমান্তবর্তী এলাকা ঘুরে দেখার পরিকল্পনা রয়েছে।

এদিকে শেখ হাসিনার নতুন পাসপোর্ট ও জাতীয় পরিচয়পত্র পাওয়ার বিষয়টিও আলোচনায় এসেছে। ডিসেম্বরের মাঝামাঝি তাঁর দেশে ফেরার সম্ভাবনা নিয়ে আওয়ামী লীগের একাংশের মধ্যে আলোচনা চলছে বলেও টিভি নাইন বাংলার প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। তবে নেতাদের সীমান্ত পরিদর্শনের সঙ্গে এসব পরিকল্পনার সরাসরি সম্পর্ক রয়েছে কি না, তা নিশ্চিত হওয়া যায়নি।

পেট্রাপোল ইমিগ্রেশন সেন্টারে কী বিষয়ে আলোচনা হয়েছে, সে বিষয়ে ভারতীয় অভিবাসন দপ্তর, সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ কিংবা পেট্রাপোল থানার পক্ষ থেকে কোনো আনুষ্ঠানিক বক্তব্য পাওয়া যায়নি।